# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৭]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৩: পুণ্যের পথ অনেক

(13) ـ باب بيان كثرة طرق الخير.

আরবী

الحادي والعشرون: عن أبي المنذر أبي بن كعب رضي الله عنه قال: كان رجل لا أعلم رجلاً أبعد من المسجد منه، وكان لا تخطئه صلاة فقيل له، أو فقلت له: لو اشتريت حماراً تركبه في الظلماء، وفي الرمضاء، فقال: ما يسرني أن منزلي إلى جنب المسجد، إني أريد أن يكتب لي ممشاي إلى المسجد، ورجوعي إذا رجعت إلى أهلي، فقال رسول الله صلى الله عليه وسلم: "قد جمع الله لك ذلك كله" (رواه مسلم).

বাংলা

২১/১৪১। আবূল মুনযির উবাই ইবনু কা’ব রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, একটি লোক ছিল। আমি জানি না যে, অন্য কারো বাড়ি তার বাড়ির চেয়ে দূরে ছিল। তা সত্ত্বেও তার কোনো নামায ছুটত না। অতঃপর তাকে বলা হল অথবা আমি (কা’ব) তাকে বললাম যে, ’তুমি যদি একটি গাধা কিনে আঁধারে ও ভীষণ রোদে তার উপর সওয়ার হয়ে আসতে, (তাহলে তা তোমার পক্ষে ভাল হত?)’ সে বলল, ’আমি এটা পছন্দ করি না যে, আমার বাড়ি মসজিদ সংলগ্নে হোক। কারণ আমি তো এই চাই যে, (দূর থেকে) আমার পায়ে হেঁটে মসজিদ যাওয়া এবং ওখান থেকেই পুনরায় বাড়ী ফিরা, সবকিছু যেন আমার নেকীর খাতায় লেখা যায়।’ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (তার কথা শুনে) বললেন, ’’আল্লাহ তা’আলা এ সমস্ত তোমার জন্য একত্র করে দিয়েছেন।’’

অন্য এক বর্ণনায় আছে, ’’নিশ্চয় তোমার জন্য সেই সওয়াবই রয়েছে, যার তুমি আশা করেছ।’’[1]

## English

(13) Chapter: Numerous ways of doing Good

Ubayy bin Ka'b (May Allah be pleased with him) reported:
There was a man, and I do not know of any other man whose house was

farther than his from the mosque, and he never missed Salat (in congregation). It was said to him (or I said to him): "If you buy a donkey you could ride it in the dark nights and in the burning sand." He said: "I do not like my house to be by the side of the mosque, for I (eagerly) desire that my steps towards the mosque and back from it should be recorded when I return to my family." Upon this Messenger of Allah (ﷺ) said, "Allah has granted you all the rewards for you".

[Muslim].

Another narration says: "You will get the reward for what you have anticipated"

## ফুটনোট

[1] মুসলিম ৬৬৩, আবূ দাউদ ৫৫৭, ইবনু মাজাহ ৭৮৩, আহমাদ ২০৭০৯, দারেমী ১২৮৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22442

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন